যুগান্তর

তারিখ ... 2[illegible] JUN 2008

পৃষ্ঠা ৩ কলাম 7

# দেশের সেরা দশ মাদ্রাসা

যুগান্তর রিপোর্ট

মাদ্রাসা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় টঙ্গীর তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা এ বছরও শ্রেষ্ঠত্ব বজায় রেখেছে। তবে ডেমরার তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা গত বছরের চেয়ে একধাপ নিচে নেমে গেছে। ফলাফল অনুযায়ী ডেমরার তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসাকে ডিঙিয়ে এ বছর সারাদেশের শীর্ষ দশ মাদ্রাসার দ্বিতীয় স্থানে উঠে এসেছে ঝালকাঠি এনএস কামিল মাদ্রাসা। ডেমরার তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা দ্বিতীয় স্থান থেকে তৃতীয় স্থানে নেমে গেছে। গত বছর ঝালকাঠি এনএস কামিল মাদ্রাসা ছিল চতুর্থ স্থানে।

প্রকাশিত ফল অনুযায়ী সারাদেশের সেরা দশ মাদ্রাসার মধ্যে প্রথম স্থান লাভ করেছে টঙ্গীর তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা। এ মাদ্রাসা থেকে জিপিএ-৫ পেয়েছে ১২৬ জন। এ বছর এখান থেকে ১৪০ জন পরীক্ষার্থী অংশ নিয়ে সবাই পাস করেছে। পাসের হার শতভাগ।

মাদ্রাসা : পৃষ্ঠা ২ : কলাম ৭

## মাদ্রাসা : সেরা

(৩য় পৃষ্ঠার পর)

দ্বিতীয় স্থানে থাকা ঝালকাঠি এনএস কামিল মাদ্রাসা থেকে জিপিএ-৫ পেয়েছে ১০৩ জন। এ মাদ্রাসা থেকে ১৩৩ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ১৩২ জন। পাসের হার ৯৯ দশমিক ২৫ শতাংশ। তৃতীয় স্থানে থাকা ডেমরা তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা থেকে জিপিএ-৫ পেয়েছে ১০২ জন। এ প্রতিষ্ঠান থেকে ১৬৩ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ১৫৮ জন। পাসের হার ৯৬ দশমিক ৯৩ শতাংশ। চতুর্থ স্থানে থাকা নরসিংদীর জামিয়া-ই-কাশেমিয়া কামিল মাদ্রাসা থেকে জিপিএ-৫ পেয়েছে ৮৬ জন। এ মাদ্রাসা থেকে ১৫০ জন পরীক্ষা দিয়ে সবাই পাস করেছে। পাসের হার শতভাগ। পঞ্চম স্থানে থাকা বাইতুশ শরফ আইডিয়াল কামিল মাদ্রাসা থেকে জিপিএ-৫ পেয়েছে ৬৬ জন। এ মাদ্রাসা থেকে ১৭১ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ১৬৩ জন। পাসের হার ৯৫ দশমিক ৩২ ভাগ। ষষ্ঠ স্থানে থাকা ডেমরার দারুন্নাজাত সিদ্দিকীয়া কামিল মাদ্রাসা থেকে জিপিএ-৫ পেয়েছে ৬১ জন। এ প্রতিষ্ঠান থেকে ৮৮ জন পরীক্ষা দিয়ে ৮৭ জন পাস করেছে। পাসের হার ৯৮ দশমিক ৮৬ ভাগ। সপ্তম স্থানে থাকা চট্টগ্রামের জামিয়া আহম্মদিয়া সুন্নিয়া কামিল মাদ্রাসা থেকে জিপিএ-৫ পেয়েছে ৫৫ জন। এ মাদ্রাসা থেকে ১২১ জন পরীক্ষা দিয়ে সবাই পাস করেছে। পাসের হার শতভাগ। অষ্টম স্থানে থাকা শর্ষিনা দারুসসুন্নাত কামিল মাদ্রাসা থেকে এ বছর জিপিএ-৫ পেয়েছে ৪৫ জন। এ মাদ্রাসা থেকে ৯৮ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ৯৭ জন। পাসের হার ৯৮ দশমিক ৯৮ ভাগ। নবম স্থানে থাকা ধাপসাতঘরা বায়তুল মোকাররম কামিল মাদ্রাসা থেকে জিপিএ-৫ পেয়েছে [illegible]